(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর

ডিপিডিসি'র অক্টোবর , ২০২৩ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী (সংশোধিত)

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২২/১০/২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | ডিপিডিসি'র সম্মেলন কক্ষ/ ভার্চুয়াল সভা (Zoom)। |
| উপস্থিতি | ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২৩-২৪ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভা পর্যালোচনা করে প্রায় সকল আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**আলোচ্যসূচি-০১: সিস্টেম লস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, জোন ওয়ারী এনওসিএস নর্থ, সেন্ট্রাল ও সাউথ এর সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ খ্রি: এর জন্য নির্ধারন করা হয়েছে যথাক্রমে ৫.৩৪, ৫.৫৮ এবং ৬.২১। আগস্ট, ২৩ খ্রি: পর্যন্ত overall achieve হয়েছে ৪.৬২। পরবর্তীতে সার্কেল ওয়ারী এনওসিএস এ ম্যজিস্ট্রেট ড্রাইভ, অবৈধ সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা, পেনাল বিল আদায় এর বিষয়ে আলোচনা করা হয়। এনওসিএস এর সার্কেল ওয়ারী তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ মারফতে জানা যায় যে, মতিঝিল, মুগদাপাড়া, নারিন্দা, স্বামীবাগে আগস্ট, ২৩ খ্রি: মাসে ০১ টি ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়া হয়। আগস্ট, ২৩ খ্রি: মাসে বর্ণিত এনওসিএস সমূহে লাইন কাটা হয়েছে যথাক্রমে ৩, ১০৭, ৩৩, ০৪ টি। মতিঝিলে টাকা আদায় হয়েছে ১ লক্ষ ১৩ হাজার, মুগদাপাড়াতে ৮৯ | ক) APA ২০২৩-২৪ এ সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br>খ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি'র ম্যাজিস্ট্রেট আদালত ও স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। সান্ধ্যকালীন ম্যজিস্ট্রেট ড্রাইভ দেওয়ার সময় পুলিশ প্রশাসন এর সহায়তা নিতে হবে।<br>গ) পরবর্তী সমন্বয় সভার পূর্বে জোন ওয়ারী এনওসিএস এর প্রধান প্রকৌশলীগণ তার নিজ জোনের এনওসিএস এর তত্ত্বাবধায়ক ও নির্বাহী প্রকৌশলীগণ এর সাথে সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মিটিং করবেন ও আগামী সমন্বয় সভায় জোন ভিত্তিক এনওসিএস এর সিস্টেম লস এর অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট উপস্থাপন করবেন।<br>ঘ) এনওসিএস এর মিটার রিডারগণকে সঠিক, পরিষ্কার ও নির্ভুলভাবে মোবাইল স্ন্যাপ-শট এর মাধ্যমে মিটারের রিডিং বিলিং সিস্টেমে এন্ট্রি দিতে হবে। সংশ্লিষ্ট এনওসিএস এর ফিডার ইনচার্জসহ নির্বাহী প্রকৌশলী বর্ণিত বিষয়টি নিবিড়ভাবে মনিটর | নির্বাহী পরিচালক (অপারেশন), নির্বাহী পরিচালক (অ্যাডমিন এন্ড এইচআর)/ নির্বাহী পরিচালক (ফিন্যান্স)/ কোম্পানি সচিব/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট/ ডিজিএম, ফিন্যান্স (ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স)/ নির্বাহী প্রকৌশলী সকল এনওসিএস)। |

হাজার, নারিন্দাতে ২৮ হাজার, স্বামীবাগে ২ লক্ষ ২৮ হাজার টাকা। আগস্ট, ২৩ খ্রি: মাসে বাংলাবাজারে লাইন কাটা হয়েছে ৯৮ টি, টাকা আদায় হয়েছে ৩ লক্ষ ৩৪ হাজার, ম্যাজিস্ট্রেট ড্রাইভ হয়েছে ০১ টি। বংশালে লাইন কাটা হয়েছে ১২ টি, টাকা আদায় হয়েছে ৫২ হাজার, ম্যাজিস্ট্রেট ড্রাইভ হয়েছে ০১ টি। বাসাবো তে ০১ টি ম্যাজিস্ট্রেট ড্রাইভ হয়েছে, ৩ লক্ষ ৬২ হাজার টাকার মধ্যে ৭০% টাকা আদায় হয়েছে। বনশ্রী তে ০৫ টি ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়া হয়েছে এবং টাস্কফোর্স ড্রাইভ হয়েছে ০১ টি। ১৫ লক্ষ ৩৩ হাজার টাকার মধ্যে ৫০% টাকা আদায় হয়েছে।নারায়নগঞ্জ পশ্চিমে ১২ লক্ষ ৫০ হাজার টাকার ০৭ টি পেনাল বিল করা হয়েছে। ডেমরাতে ০৮ টি লাইন কাটা হয়েছে, সিদ্ধিরগঞ্জ এ ০১ টি ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়া হয়েছে। মানিকনগরে ম্যাজিস্ট্রেট ও টাস্কফোর্স ড্রাইভ দিয়ে ২২ লক্ষ ৭৩ হাজার ও ২১ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। কাজলাতে ১৩ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। জিগাতলা এনওসিএস এ ১ লক্ষ ৪৪ হাজার টাকা জরিমানা করা হয়েছে যা ইতোমধ্যে আদায় করা হয়েছে। ধানমন্ডিতে ২৯ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে যার মধ্যে সাড়ে ০৪ লক্ষ টাকা আদায় করা হয়েছে।জিগাতলা ও ধানমন্ডিতে ৫৫ ও ৭৭ টি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। শ্যামলী ০৪ টি টাস্কফোর্স ড্রাইভ দেওয়া হয়েছে, ৪৮ লক্ষ টাকার বিল করা হয়েছে। ১৪ লক্ষ ২০ হাজার টাকা আদায় করা হয়েছে। আদাবরে ০৮ টি টাস্কফোর্স ড্রাইভ দেওয়া হয়েছে। জরিমানা ২০ লক্ষ ৯০ হাজার টাকার মধ্যে ১৪ লক্ষ ৩৪ হাজার টাকা আদায় হয়েছে। কাকরাইলে ৪৫ টি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে, ০১ টি ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়া হয়েছে। ২৯ লক্ষ টাকা বকেয়ার মধ্যে ২৭ লক্ষ ১৯ হাজার টাকা আদায় হয়েছে। তেজগাঁও তে ০৬ টি লাইন ডিসকানেক্ট করা হয়েছে ০৩ লক্ষ

করবেন। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট অফিসার ও নির্বাহী প্রকৌশলীগণ দায়ী থাকবেন।

৬) ডিপিডিসি'র এনওসিএস এর আইসিটি শাখা কর্তৃক প্রস্তুতকৃত daily collection sheet এবং ব্যাংক কর্তৃক সরবরাহকৃত monthly statement এর তথ্যে গড়মিল রয়েছে কি না এবং এ প্রেক্ষিতে আদায়কৃত পেনাল বিল এর অর্থের সঠিক হিসেব রক্ষিত হচ্ছে কি না তা যাচাই বাছাই করা প্রয়োজন। ডিপিডিসি'র রাজস্ব আদায় বৃদ্ধি, আইসিটি শাখা কর্তৃক প্রস্তুতকৃত daily collection sheet এবং ব্যাংক কর্তৃক সরবরাহকৃত monthly statement এর তথ্যের কোন গড়মিল থাকলে তা পরিহার পূর্বক সামঞ্জস্যতা আনয়নের স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ এর সমন্বয়ে ০১ টি কমিটি গঠন এর সিদ্ধান্ত গৃহীত হয়:

১. উত্তম কুমার সাহা, জিএম, অডিট আহ্বায়ক।
২. এস এম ইমলাক হোসেন, ডিজিএম, আইসিটি (রেভেনিউ), সদস্য।
৩. মো: মোস্তাফিজুর রহমান, ডিজিএম, ফিন্যান্স, (ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড একাউন্টিং), সদস্য।
৪. মো: কামাল হায়দার, ডিজিএম, ফিন্যান্স, ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স, সদস্য সচিব।
৫. মো: হানিফ উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস তেজগাঁও সার্কেল, সদস্য।
৬. ফাহিমুল ইসলাম, সহকারী ম্যানেজার (ফিন্যান্স), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস তেজগাঁও সার্কেল, সদস্য।

কমিটি বর্ণিত বিষয়ের অসংগতি পরিহারে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান করবে এবং নির্বাহী পরিচালক , (অপারেশন) ও নির্বাহী পরিচালক, (ফিন্যান্স) মহোদয়ের নিকট ১৫ কর্মদিবসের মধ্যে সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করবে।

মো: কামাল হায়দার, ডিজিএম, ফিন্যান্স, ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স বর্ণিত বিষয়ে অবিলম্বে এনওসিএস এর সার্কেল অফিস এ কর্মরত অ্যাসিস্টেন্ট ম্যানেজার/ জুনিয়র অ্যাসিস্টেন্ট ম্যানেজার (ফিন্যান্স) গণকে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট উক্ত বিষয়ে ট্রেনিং এর আয়োজন করবেন।

| | | |
|---|---|---|
| টাকার বিপরীতে যা ইতোমধ্যে আদায় করা হয়েছে। সভায় জোন ভিত্তিক এনওসিএস এর সিস্টেম লস এর অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | | |

**আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিবএবেল**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, মন্ত্রণালয় থেকে ডিপিডিসি'র জন্য ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের accounts receivable এর লক্ষ্যমাত্রা ১.৪৫ নির্ধারন করার প্রেক্ষিতে সিবি রেশিও এর লক্ষমাত্রার চেয়েও বেশি অর্জন (৯৯.৫) করতে হবে। জোন ওয়ারী এনওসিএস নর্থ, সেন্ট্রাল ও সাউথ এর সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ খ্রি: এর জন্য নির্ধারন করা হয়েছে যথাক্রমে ৯৯.২৭, ৯৯.৯০ এবং ৯৯.৫০। আগস্ট, ২৩ খ্রি: পর্যন্ত overall achieve হয়েছে ৯২.১২। এছাড়া accounts receivable এর উক্ত লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য বছরের প্রথম থেকেই সকল এনওসিএসকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | ক) APA ২০২৩-২৪ অর্থ বছরে CB Ratio/ একাউন্টস রিসিভেবল এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। এনওসিএস জোনের প্রধান প্রকৌশলী ও এনওসিএস সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তদারকি করবেন।<br>খ) পরবর্তী সমন্বয় সভার পূর্বে জোন ওয়ারী এনওসিএস এর প্রধান প্রকৌশলীগণ তার নিজ জোনের এনওসিএস এর তত্ত্বাবধায়ক ও নির্বাহী প্রকৌশলীগণ এর সাথে সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে মিটিং করবেন ও আগামী সমন্বয় সভায় জোন ভিত্তিক এনওসিএস এর সিবি রেশিও এর অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট উপস্থাপন করবেন। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০৩: বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট বকেয়া**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত/কর্পোরেশনসমূহের নিকট হতে বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠান সমূহ (বিশেষ করে দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, এফডিসি, PWD, সিটি কর্পোরেশন, পুলিশ কোয়ার্টার, পুলিশ হাসপাতাল, সুপ্রিম কোর্ট, ঢাকা ইউনিভার্সিটি, ওয়াসা, বিহারী ক্যাম্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ইত্যাদি) এর সাথে এবং বকেয়া আদায়ে বিদ্যুৎ বিভাগের দায়িত্বরত ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং ২০২৩-২৪ অর্থ বছরের ডিসেম্বর এর মধ্যেই বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চিঠি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) বিহারী ক্যাম্পে প্রি-পেইড মিটার স্থাপন এর উদ্যোগ গ্রহণ করতে হবে। স্টোরে ৩ ফেইজ মিটার না থাকলে ডিপিএম পদ্ধিতিতে টেসিস থেকে প্রি-পেইড মিটার ক্রয়ের উদ্যোগ নিতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট বর্ণিত বিষয়ে একটি estimate তৈরি করে প্রি-পেইড মিটার ক্রয়ের ব্যবস্থা করবেন। কোন অবস্থাতেই মিটার বিহীন বিদ্যুৎ সংযোগ বিদ্যমান রাখা যাবেনা। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, (আইসিটি)/ বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

<u>আলোচ্যসূচি-০৪:</u> **এস্টিমেটেড বিল ও জিরো ইউনিট বিল, পেনাল/ সম্পূরক বিল, ডিস্পুটেড বিল ও খারাপ মিটার পরিবর্তন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় অবহিত করেন যে, কোন ক্রমেই যাতে মিটার ছাড়া গ্রাহক আঙ্গিনায় এস্টিমেটেড বিল না হয় এবং এনওসিএসকে পেনাল বিল/ সম্পূরক বিল প্রস্তুত করে গ্রাহকের কাছে বিল দ্রুততম সময়ের মধ্যে পাঠাতে হবে ও সেই বিল অনুযায়ী দ্রুত টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে। এছাড়া জিএম, আইসিটি সভাকে অবহিত করেন যে, পূর্বের মাসের চেয়ে খারাপ মিটারের সংখ্যা কমেছে এবং প্রত্যেক এনওসিএস থেকে খারাপ মিটার পরিবর্তন করা হচ্ছে। কিন্তু consequative ০৩ মাস জিরো ইউনিট এর বিল বেশি হচ্ছে। সিস্টেম লস কমানোর স্বার্থে ও বিলিং সিস্টেম সহজীকরণের লক্ষ্যে নষ্ট মিটারগুলো অবিলম্বে পরিবর্তনসহ জিরো ইউনিটের বিল কমানোর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী ফিডার ভিত্তিক নষ্ট মিটারের তালিকা প্রস্তুতপূর্বক আগামী ডিসেম্বর, ২৩ খ্রি: এর মধ্যে নষ্ট মিটারের ৫০% পরিবর্তন করবেন। প্রধান প্রকৌশলী, এনওসিএস জোন ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস সার্কেল বিষয়টি মনিটর করবেন এবং আগামী সভায় এই বিষয়ে প্রতিবেদন উপস্থাপন করবেন।<br>খ) প্রত্যেক এনওসিএসকে গ্রাহকের একাউন্ট নম্বর, মোবাইল নম্বর, গাড়ীর নম্বর ব্যবহার করে নিখোঁজ গ্রাহক trace করতে হবে এবং বকেয়া টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে। নিখোঁজ গ্রাহক খুঁজে পাওয়া না গেলে জিএম, অডিটকে write-off এর বিষয়ে আগামী নভেম্বর মাসের মধ্যে কার্যকর পদক্ষেপ নিতে হবে এবং এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)/ সংশ্লিষ্ট এনওসিএস এর ফিডার ইনচার্জ। |

**<u>আলোচ্যসূচি-০৫:</u> নতুন বিদ্যুৎ সংযোগ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| আবাসিক গ্রাহকদের ও এইচটি গ্রাহকদের নির্দিষ্ট সময়ে ডিমান্ড নোট ইস্যুর শতকরা হার এবং বিদ্যুৎ সংযোগ প্রদানের শতকরা হার সন্তোষজনক রয়েছে বলে সভায় অবহিত করা হয়। | ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে । ডিমান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। ডিমান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করার সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৬:</u> প্রি-পেইড মিটার ও পোস্ট-পেইড মিটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় অবহিত করেন যে, বাল্ক ও | ক) প্রি-পেইড গ্রাহকের পূর্বের পোস্ট-পেইড মিটারের বকেয়া ৩১ কোটি টাকা আগামী | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী |

খুচরা পর্যায়ের ট্যারিফ রেট এর ভিন্নতা ও বড় পার্থক্যের কারনে ডিপিডিসি ২০২৩-২৪ অর্থ বছরে মারাত্নক তারল্য সংকট এর মধ্য দিয়ে যাচ্ছে। যার ফলে রেভেনিউ বৃদ্ধির কোন বিকল্প নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে জিএম, আইসিটি জানান যে, ডিপিডিসি'র অধিকাংশ গ্রাহক অনুমোদিত লোড এর চেয়ে বেশি লোড ব্যবহার করে। ফলশ্রুতিতে দ্রুত গ্রাহক পর্যায়ে লোড ম্যানেজমেন্ট সিস্টেম প্রয়োগ করে লোড বৃদ্ধি পূর্বক প্রতি মাসে ডিমান্ড চার্জ ০১ কোটি টাকা বাড়ানোর বিষয়ে নিজস্ব অভিমত ব্যক্ত করলে সভায় একমত পোষণ করা হয় এবং পোস্ট-পেইড ও প্রি-পেইড মিটার গ্রাহক পর্যায়ে লোড ম্যানেজমেন্ট প্রয়োগ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া ২০২৩-২৪ এর এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিপিডিসি'কে ১ লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন করতে হবে বিধায় বছরের প্রথম থেকেই এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণসহ সজাগ দৃষ্টি রাখতে হবে। অন্যথায় পূর্বের বছরের ন্যায় বছরের শেষ দিকে তড়িঘড়ি করে প্রি-পেইড মিটার স্থাপনে অনেক জটিলতার সৃষ্টি হওয়ার আশঙ্কা থাকবে। ফলশ্রুতিতে পরিকল্পনা মাফিক কোয়ার্টার ভিত্তিক প্রি-পেইড মিটার স্থাপনে সংশ্লিষ্ট সকলকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

ডিসেম্বর, ২৩ খ্রি: এর মধ্যে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে আদায়ের জন্য সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং পরবর্তী মাসিক সভায় জোন ওয়ারী আদায়ের অগ্রগতি অবহিত করতে হবে।

খ) প্রি-পেইড মিটার সংশ্লিষ্ট এনওসিএসকে অবিলম্বে তার আওতাধীন গ্রাহকের কানেক্টেড লোড অনুযায়ী লোড বৃদ্ধির জন্য প্রি-পেইড মিটার সিস্টেমে লোড ম্যানেজমেন্ট apply করতে হবে এবং ট্যারিফ আপডেট করার জন্য প্রি-পেইড মিটারে টোকেন ইনপুট দিতে হবে। জিএম, আইসিটি অবিলম্বে পোস্ট-পেইড গ্রাহক এর তালিকা এনওসিএস এ প্রেরণ করবে। অনুমোদিত লোডের চেয়ে অতিরিক্ত লোড ব্যবহার করা পোস্ট-পেইড মিটার গ্রাহককে লোড বৃদ্ধির জন্য এনওসিএস থেকে চিঠি দিতে হবে এবং আগামী ০৩ মাসের মধ্যে ০১ কোটি টাকা ডিমান্ড চার্জ বাড়ানোর বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে। লোড ম্যানেজমেন্ট apply এর মাধ্যমে গ্রাহকের লোড বৃদ্ধির বাস্তব অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট এনওসিএস এর ০৩ জোনের প্রধান প্রকৌশলীগণ আগামী সমন্বয় উপস্থাপন করবেন।

গ) ৮০ কি:ও: সক্ষমতা পর্যন্ত সিটি অপারেটেড অথবা ৩ ফেজ হোল কারেন্ট প্রি-পেইড মিটার এর ডিজাইন, specification, ডকুমেন্ট ডেসকো থেকে সংগ্রহ করে প্রি-পেইড মিটার ক্রয় পূর্বক গ্রাহক আঙ্গিনায় স্থাপন করা যায় কি না এ বিষয়ে ডিজাইন, প্রকিউরমেন্ট ও মিটারিং দপ্তর সম্মিলিতভাবে যথাযথ analysis করে ব্যবস্থাপনা পরিচালকের দপ্তরে আগামী ৩০ কর্ম-দিবসের মধ্যে ০১ টি রিপোর্ট দিতে হবে।

ঘ) প্রত্যেক এনওসিএসকে সিটি কর্পোরেশন এর স্ট্রীট-লাইটের বিল মিটারিং এর আওতায় নিয়ে আসতে হবে। সেন্ট্রাল স্টোরে ২০০০/ পর্যাপ্ত wasion এর মিটার স্ট্রীট-লাইটে মিটারিং এর জন্য মজুদ রাখতে হবে। আইসিটির রেভেনিউ দপ্তর থেকে সীম সংগ্রহ করে অনলাইনে পোস্ট-পেইড মিটারের মাধ্যমে স্ট্রীট লাইটের বিল করার জন্য wasion এর প্রি-পেইড মিটারকে পোস্ট-পেইড মোডে নিয়ে আসতে হবে এবং সে অনুযায়ী বিল করতে হবে। ম্যানেজার, আইসিটি ডেভেলপমেন্ট বর্ণিত বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। তিন জোনের প্রধান প্রকৌশলীগণ পরবর্তী সভায় এ সংক্রান্ত অগ্রগতি অবহিত করবেন।

ঙ) জুলাই' ২০২৩ হতে ডিপিডিসি'র সকল প্রি-পেইড এনওসিএস সমূহের নতুন সংযোগের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড মিটার

পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ প্রধান প্রকৌশলী (পিএন্ডডি)/ জিএম, আইসিটি/ ডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ রেভেনিউ/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয় সার্কেল)/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (নির্বাহী পরিচালক, অপারেশন)/ (সকল এনওসিএস ও টাস্কফোর্স টীম এর সদস্য)।

| | | |
|---|---|---|
| | (হেক্সিং, যমুনা, নর্দান, সেল, সুপার-স্টার) ক্রয় পূর্বক নতুন সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। এনওসিএস সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তত্ত্বাবধায়ন করবেন। | |

**আলোচ্যসূচি-০৭: GIS ম্যাপিং সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিআইএস প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৮ টি বিতরণ উপকেন্দ্রের নির্মাণ ও ০৫ টি উপকেন্দ্রের আপগ্রেডেশন কাজসহ শতভাগ জিআইএস ম্যাপিং করতে হবে। এছাড়া বিতরণ লাইন নির্মান ও আপগ্রেডেশন কাজসহ মোট ২৫০ কি:মি: লাইন এর জিআইএস ম্যাপিং সম্পন্ন করতে হবে। চলমান অর্থ বছরে APA এর লক্ষ্যমাত্রা অনেক বেশি থাকায় জিটুজি, পিডিএসডিপিসহ অন্যান্য প্রকল্প দপ্তর থেকে সময়মত জিআইএস দপ্তরকে As-built drawing & specification প্রদান করা প্রয়োজন মর্মে তিনি সভায় বিষয়টির গুরুত্ব সম্পর্কে সকলকে অবহিত করেন। | ডিপিডিসি'র ২০২৩-২৪ অর্থবছরের APA অনুযায়ী জিআইএস ম্যাপিং সম্পর্কিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ডিপিডিসি'র বিতরণ নেটওয়ার্কে বিভিন্ন প্রকল্প এবং প্রধান প্রকৌশলী (উন্নয়ন) দপ্তরের মাধ্যমে যে সকল উপকেন্দ্র এবং বিতরণ লাইন সংযোজিত হচ্ছে তার As-Built Drawing (মার্চ, ২৩ খ্রি: থেকে সেপ্টেম্বর, ২৩ খ্রি: পর্যন্ত) এর সফটকপি অবিলম্বে pd.gis@dpdc.org.bd এর ইমেইলে এবং হার্ডকপি জিআইএস ম্যাপিং প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী ডেভেলপমেন্ট/ সিস্টেম অপারেশন এন্ড স্ক্যাডা/ সকল প্রকল্প পরিচালক/ জিআইএস ম্যাপিং প্রকল্পের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ডেভেলপমেন্ট ১ এবং ২। |

**আলোচ্যসূচি-৮: ১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম আইসিটি জানান যে, তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রীড সাউথ ও সিস্টেম প্রটেকশনকে নিয়ে ১১ কেভি ফিডার অটোমেশন সংক্রান্ত ১ টি মিটিং করেন। ২০২২-২৩ অর্থ বছরে ৩৩০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে সাস ও নন সাস সহ আরও ৮০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করা হবে। ক্রম্পূঞ্জিভূত লক্ষ্যমাত্রার (৫০%) অনুসারে সর্বমোট ৪০০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করতে হবে। পূর্ববর্তী বছরের ৩৩০ টি ও চলতি অর্থ বছরের ৮০ টি সহ মোট ৪১০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করলে ডিপিডিসি'র ১১ কেভি ফিডার অটোমেশন সংক্রান্ত APA এর লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভবপর হবে মর্মে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। | ২০২৩-২৪ অর্থ বছরে সাস ও নন সাস সহ ৮০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রীড সাউথ সার্কেল ও সিস্টেম প্রটেকশন ৪০ টি (নন সাস) এবং ৪০ টি (সাস) সহ টোটাল ৮০ টি ১১ কেভি ফিডার অটোমেশন এর জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। পরবর্তী সমন্বয় সভায় প্রধান প্রকৌশলী (গ্রিড) এ বিষয়ে আপডেট উপস্থাপন করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ জিএম, (আইসিটি)/ প্রধান প্রকৌশলী (সিস্টেম অপারেশন এন্ড স্ক্যাডা)/ প্রধান প্রকৌশলী (গ্রীড)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ/ সাউথ সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)/ সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০৯: ই-নথি ও পেপারলেস অফিস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট নথির ৮৫% ই-নথিতে নিষ্পন্ন করাসহ ম্যানুয়াল নথি ও কাগজের ব্যবহার এর তথ্য সিস্টেমে এন্ট্রি দেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ম্যানুয়াল নথি ও পেপার consumption এর তথ্য প্রতি মাসের ০৩-০৪ তারিখ এর মধ্যে সকল দপ্তরকে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মেনু বারের ম্যানুয়াল নথি ও পেপার consumption option এ গিয়ে এন্ট্রি করতে হবে। সকল দপ্তর কর্তৃক ম্যানুয়াল নথি ও কাগজের ব্যবহার হ্রাস সম্পর্কিত তথ্য সিস্টেমে এন্ট্রি দেওয়ার বিষয়ে শিথিলতা পরিলক্ষিত হওয়ায় সকল দপ্তর প্রধানকে এ ব্যাপারে আরও তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br>খ) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল নথি ই-ফাইলিং এ নিষ্পত্তি করতে হবে। | সকল দপ্তর প্রধান/ আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা। |

**<u>আলোচ্যসূচি-১০:</u> স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ম্যানেজার, আইসিটি ডিএম কামরুল জানান যে, এখন পর্যন্ত এনওসিএস, গ্রীড ও প্রকল্প দপ্তরের স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে। বাকী cost centre এর স্টোর ম্যানেজমেন্ট শীঘ্রই চালু করা হবে। ইআরপি প্রকিউরমেন্ট মডিউলে স্টোরের ডাটার রেকর্ড প্রতিফলনের জন্য ডিপিডিসি'র প্রত্যেক দপ্তরকে তাদের লোকাল স্টোরের ডাটা আবশ্যিকভাবে এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে বর্ণিত বিষয়ে অনলাইনে ০১ টি ওয়ার্কশপ এর আয়োজন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভায় ডিজিএম ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং) হায়দার আলী জানান যে, অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক এন্ট্রির কাজ চলমান রয়েছে। অ্যাসেট সিস্টেমে যেই mismatch রয়েছে তার জন্য কনসাল্টেন্ট নিয়োগ এর কাজ নিগোসিয়েশন এর পর্যায়ে রয়েছে। শীঘ্রই কনসাল্টেন্ট নিয়োগ এর জন্য চুক্তি করা হবে। যার ফলে অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে আপডেট এর কারনে পূর্বের গ্যাপগুলো নতুন রিপোর্টের মাধ্যমে পূরণ করা যাবে। | ক) প্রত্যেক দপ্তরকে লোকাল স্টোরে মালামাল ইস্যুর সময়ে অথবা উক্ত দিন শেষে স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে ডাটা আবশ্যিকভাবে এন্ট্রি দিতে হবে যাতে সমন্বিত ইআরপি প্রকিউরমেন্ট মডিউলে লোকাল স্টোরের ডাটা প্রতিফলিত হয়।<br>খ) মাঠ পর্যায়ের সংরক্ষনজনিত কাজের রেকর্ড অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিফলন এর জন্য সকল এনওসিএসকে ট্রান্সফরমার সংরক্ষন ও মেইনটেন্যান্স জনিত কাজের ডাটা অ্যাসেট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে।<br>গ) সকল প্রকল্প দপ্তরকে তাদের স্ব স্ব প্রকল্পের ইনভেনটরি আপডেট করে মালামাল ইস্যুর ডাটা প্রজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি বছর লোকাল স্টোরের inventory compulsorily করতে হবে। অডিট দপ্তর কর্তৃক বাৎসরিক অডিটে তা নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/ জিএম,অডিট/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ ডিএম, আইসিটি (ডেভেলপমেন্ট)/ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |

**<u>আলোচ্যসূচি-১১:</u> APP বাস্তবায়ন অগ্রগতি**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, অ্যাডমিন এন্ড এইচআর জানান যে, চলমান সংকটময় পরিস্থিতিতে ডিপিডিসি'র বাজেট স্বল্পতা থাকার কারনে কৃচ্ছতাসাধন কার্যক্রমের অংশ হিসেবে আপাতত: প্রয়োজনীয় ব্যয় ব্যতীত অপ্রয়োজনীয় ব্যয় পরিহার করে এপিপি revised করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্টকে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রতিটি কোয়ার্টারে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ডিপিডিসি'র ক্রয় প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সকল procuring entity কে অবিলম্বে এপিপি ম্যানেজমেন্ট সফটওয়্যারে এপিপি সংক্রান্ত যাবতীয় তথ্য এন্ট্রি দিতে হবে। বর্তমানে চতুর্মুখী সংকটময় পরিস্থিতিতে ডিপিডিসি'র বাজেট স্বল্পতা থাকার কারনে কৃচ্ছতাসাধন কার্যক্রমের অংশ হিসেবে আপাতত: প্রয়োজনীয় ব্যয় (অপারেশন এন্ড মেইনটেন্যান্স) ব্যতীত সকল অপ্রয়োজনীয় ব্যয় পরিহার করে এপিপি revised করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্টকে এ বর্ণিত বিষয়ে যথাযথ নেতৃত্ব দান পূর্বক উদ্যোগী ভূমিকা পালন করতে হবে। | নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ জিএম (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ ম্যানেজার, আইসিটি ডেভেলপমেন্ট/ সকল দপ্তর প্রধান। |

**<u>আলোচ্যসূচি-১২:</u> অডিট আপত্তির জবাব প্রদান সংক্রান্ত আলোচনা:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় জিএম, অডিট জানান যে, রিপোর্টভূক্ত ৬৮৫ টি অডিট আপত্তির মধ্যে ০৫ টি নিষ্পত্তির আদেশ পাওয়া যায়। ৬৮০টি অডিট আপত্তির মধ্যে সাধারণ আপত্তি রয়েছে ৩১ টি যার নিষ্পত্তির জবাব এজি অফিসে পাঠানো হয়েছে। অগ্রীম অডিট আপত্তি ২২৮ টির মধ্যে ১০০ টি অডিট আপত্তির জবাব এজি অফিসে প্রেরণ করা হয়েছে। অগ্রিম এর মধ্যে ১৩৫ টি আপত্তির জবাব পাঠানো হয়েছে। অগ্রিম ১৮৮ টি জবাব ফিল্ড অফিস থেকে এখনও পাঠানো হয়নি যা দ্রুত পাঠানোর জন্য ফিল্ড অফিসকে তাগাদা দেওয়া হয়েছে। রিপোর্টভূক্ত ও অগ্রিম অডিট আপত্তির অবশিষ্ট বকেয়া টাকা আদায়ের বিষয়টি ফিল্ড অফিসকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে, অন্যথায় যে দপ্তর অডিট আপত্তি নিষ্পত্তি করতে পারবেনা সে দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং ব্যর্থতার বিষয়টি তার ব্যক্তিগত performance apprisal report এ প্রতিফলিত হবে। | ক) রিপোর্টভূক্ত ২২৮ টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে মাঠ পর্যায়ে গ্রাহকের অবশিষ্ট বকেয়া আদায় করে রিপোর্টভূক্ত অডিট আপত্তির প্রমাণকসহ নিষ্পত্তিমূলক জবাব আগামী নভেম্বর, ২৩খ্রি: এর মধ্যে জিএম, অডিট দপ্তরে প্রেরণ করতে হবে। অগ্রিম ১৮৮ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জিএম, অডিট ০১ টি ক্রাশ প্রোগ্রাম নিবেন এবং আগামী নভেম্বর, ২৩ খ্রি: মাসের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবেন।<br><br>খ) রিপোর্টভূক্ত ও অগ্রিম অডিট আপত্তির অবশিষ্ট বকেয়া টাকা আদায়ের বিষয়টি ফিল্ড অফিসকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে, অন্যথায় যে দপ্তর অডিট আপত্তি নিষ্পত্তি করতে পারবেনা সে দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং ব্যর্থতার বিষয়টি তার ব্যক্তিগত performance apprisal report এ প্রতিফলিত হবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী পরিচালক (ফিন্যান্স)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ ডিজিএম, (গভ: এন্ড রেভেনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-১৩:</u> নিরাপত্তা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **ডিপিডিসি’র আওতাধীন কেপিআইভুক্ত স্থাপনাসহ অন্যান্য সকল দপ্তর/স্থাপনায় অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সংক্রান্তঃ**<br><br>সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে অগ্নি দুর্ঘটনা বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে ডিপিডিসি’র আওতাধীন কেপিআইসহ সকল দপ্তর/স্থাপনায় সংশ্লিষ্ট সকলকে খুব সতর্ক থাকতে হবে বিশেষ করে ফায়ার এক্সিটিংগুইশার এর ব্যবহার সম্পর্কে সম্যক ধারণা রাখতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এ প্রসঙ্গে সভায় ডিজিএম (এইচ আর), সিকিউরিটি দপ্তর হতে অবহিত করা হয় যে ঠিকাদার কর্তৃক ফায়ার এক্সিটিংগুইশার রিফিল করতে নেয়ার সময় মেয়াদ শেষ হয়ে যাওয়া এক্সিটিংগুইশার খালি করে স্থানীয়ভাবে নিয়মিত অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হচ্ছে পাশাপাশি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহায়তায় যৌথভাবে ডিপিডিসি’র কেপিআইভুক্ত ১৪টি উপকেন্দ্রে ইতোমধ্যে অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়েছে এবং এ মহড়াগুলোতে উপকেন্দ্রে কর্মরত এমপ্লয়ি ছাড়াও সন্নিকটবর্তী এনওসিএস সহ অন্যান্য দপ্তরে কর্মরত বিপুল সংখ্যক এমপ্লয়িদেরকে সম্পৃক্ত করা হয়। পর্যায়ক্রমে সকল উপকেন্দ্র/দপ্তরে এ ধরণের মহড়া অনুষ্ঠানের পরিকল্পনা রয়েছে মর্মে সভায় জানানো হয়। | স্থানীয়ভাবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহায়তায় অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন অব্যাহত রাখতে হবে এবং ডিপিডিসি’র মূল্যবান সম্পদ সুরক্ষায় সর্বস্তরের এমপ্লয়িকে ফায়ার এক্সটিংগুইশার এর ব্যবহার সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন করতে হবে। | ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি এবং সার্বিক সহায়তায় সকল দপ্তর প্রধান। |

| | | |
|---|---|---|
| **চলমান রাজনৈতিক পরিস্থিতিতে সিকিউরিটি গার্ড, আনসার এবং সিকিউরিটি সুপারভাইজর ও নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট সকলকে অধিক সতর্কতার সহিত ডিউটি করা সংক্রান্তঃ** আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে চলমান রাজনৈতিক পরিস্থিতিতে বিদ্যুৎ উপকেন্দ্র, কন্ট্রোল রুমসহ অন্যান্য সকল গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যাতে নিরাপদ থাকে সে লক্ষ্যে নিরাপত্তা রক্ষার সাথে সংশ্লিষ্ট সিকিউরিটি গার্ড, আনসার, সুপারভাইজর ও কর্মকর্তাবৃন্দ এবং স্থাপনার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সবাইকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। পুলিশ, র‍্যাব সহ আইন শৃঙ্খলারক্ষাকারী প্রতিষ্ঠানসমূহকে বিদ্যুৎ উপকেন্দ্র/স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদার করার অনুরোধ জানিয়ে যথাসময়ে পত্রালাপ ও যোগাযোগ করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে কেন্দ্রীয় ভাবে নিরাপত্তা সংক্রান্ত বিশেষ বার্তা দিয়ে এর গুরুত্ব সম্পর্কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিশেষ করে স্থাপনাসমূহে যাতে কোন ধরণের অবৈধ অনুপ্রবেশ না ঘটতে পারে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার ব্যাপারে সবিশেষ গুরুত্বারোপ করা হয়। | (ক) বিভাগীয় ও আউট সোর্সড সিকিউরিটি গার্ড এবং আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে ডিউটি করতে হবে এবং সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে পত্র মারফত অবহিত করতে হবে।<br>(খ) কেপিআইভুক্ত উপকেন্দ্র এবং বিদ্যুৎ বিতরণের সাথে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/স্থাপনাসমূহে নিরাপত্তা জোরদার করার জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বরাবর পত্রালাপসহ সরাসরি যোগাযোগ করতে হবে।<br>(গ) নিরাপত্তা নিশ্চিতকল্পে করণীয় সম্পর্কে ডিপিডিসি'র সকল এমপ্লয়িকে বিশেষ বার্তা প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | ডিজিএম (এইচ আর), সিকিউরিটি এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ। |

ক) শুধুমাত্র শুদ্ধাচার কর্মকৌশল পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নয়, বরং প্রতিষ্ঠানের লাভের স্বার্থে প্রত্যেক এনওসিএসকে প্রতি মাসে অধিক সংখ্যক গণশুনানী করতে হবে। প্রত্যেক এনওসিএসকে গণশুনানীতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে প্রমানকসহ তার ০১ টি প্রতিবেদন গণশুনানী সমাপ্ত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে জিএম, (এইচআর) দপ্তরে প্রেরণ করতে হবে। জিএম, (এইচআর) বর্ণিত বিষয়টি সার্বিকভাবে মনিটরিং করবেন।

খ) ডিপিডিসি'র মালিকানাধীন ১৩২ কেভি সোর্স লাইন সমূহ যা পিজিসিবি কর্তৃক নিয়ন্ত্রণ করা হতো, আগামী ১লা নভেম্বর, ২০২৩ খ্রি: থেকে উপরোক্ত সোর্স লাইন সমূহ ডিপিডিসি তে হস্তান্তরিত হওয়ায় আগামী শীতকালীন সংরক্ষণ (২০২৩-২৪ সালের) কার্যক্রমের আওতায় সংশ্লিষ্ট গ্রিড বিভাগ হ'তে এই সকল গুরুত্বপূর্ন স্থাপনা সমুহ অন্তভূক্ত করার ব্যবস্থা নিতে হবে।

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.০৬.০০১.২২.৬২ তারিখ: ২৭ কার্তিক ১৪৩০

১২ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চিফ ইঞ্জিনিয়ার/সকল জেনারেল ম্যানেজার

৩) সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার, ডিপিডিসি।

৫) সাব ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৬) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

খন্দকার এ.এইচ.এম. জুলফিকার হায়দার
চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার)